

ইউকসুর অভিষেক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী চাঁদাবাজি, সন্ত্রাস ও নকলমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠায় শপথ নিন

কাগজ প্রতিবেদক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, নকল এমন একটা ব্যাধি যা আমাদের শিক্ষাকে শেষ করে দিচ্ছে। এটা মারণব্যাধি ক্যাশারের মতো আমাদের সমাজে প্রবেশ করেছে। আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে শেষ করে দেওয়ার জন্য এই ব্যাধি মারাত্মক আকার ধারণ করেছে।

গতকাল বিকালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) মিলনায়তনে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ইউকসু) অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ইউকসু সভাপতি অধ্যাপক নূরউদ্দিন আহমদের সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ছাত্র কল্যাণ পরিচালক ও ইউকসুর উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ জয়নুল আবেদীন, ইউকসুর সাবেক ভিপি মোহাম্মদ তারিক বিন আজিজ, সাবেক জিএস মোহসিনউল ইসলাম আদনান, ইউকসুর নবনির্বাচিত সহ সভাপতি মোহাম্মদ গোলাম মোর্শেদ লায়ন ও ইউকসুর নবনির্বাচিত সাধারণ সম্পাদক হাসিব মোস্তাফিস।

শিক্ষামন্ত্রী বলেন, এখনও দেশে নকলমুক্ত পরিবেশ সৃষ্টি হয়নি। নকলমুক্ত পরিবেশ সোদীনই সৃষ্টি হবে যেদিন পরীক্ষা কেন্দ্রের আশপাশে ১৪৪ ধারা জারি করতে হবে না, পরীক্ষার্থীদের দেহ তত্ত্বাশি করার প্রয়োজন হবে না। তিনি সুশীল সমাজ ও রাজনৈতিক দলের নেতাকর্মীদের নকল প্রতিরোধে এগিয়ে আসার আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী বলেন, ইউকসুর নবনির্বাচিত সদস্যরা শপথ নেওয়ার মাধ্যমে যে অস্বীকার করেছে সেটা হচ্ছে সব শিক্ষা প্রতিষ্ঠানের মর্মবাণী। তিনি দেশের চাঁদাবাজি, সন্ত্রাস ও নকলমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠার জন্য সুশীল সমাজের প্রতিটি মানুষকে শপথ নেওয়ার আহ্বান জানান।

বুয়েটের উপাচার্য অধ্যাপক নূরউদ্দিন আহমদ সভাপতির বক্তৃতায় বলেন, বুয়েটের যে সুনাম ও ঐতিহ্য তা রক্ষা করার জন্য ইউকসুর নবনির্বাচিত সদস্যদের নিরলসভাবে কাজ করে যেতে হবে। এর আগে তিনি শিক্ষামন্ত্রীকে ফ্রেস্ট ও গুডেচ্ছা উপহার প্রদান করেন।

ইউকসু উপদেষ্টা অধ্যাপক মোহাম্মদ জয়নুল আবেদীন স্বাগতিক বক্তব্য বলেন, বুয়েট ক্যাম্পাসে বর্তমানে সন্ত্রাস, চাঁদাবাজি ও নেশাখোরদের পদধ্বনি শোনা যাচ্ছে। এ থেকে ছাত্রছাত্রীদের মুক্ত করতে না পারলে বিশ্ববিদ্যালয় তার অতীত ঐতিহ্য হারাতে পারে।

ইউকসুর সাবেক ভিপি তারিক বিন আজিজ শান্তিপূর্ণ সহাবস্থানের মাধ্যমে বুয়েটের সকল ছাত্র সংগঠনকে কাজ করে যাওয়ার আহ্বান জানান।

ইউকসুর সাবেক জিএস মোহসিনউল ইসলাম আদনান বলেন, পরীক্ষা পিছানো আমাদের ব্যাধিতে পরিণত হয়েছে। এর থেকে আমাদেরকে বেরিয়ে আসতে হবে।

অনুষ্ঠানের শুরুতে ইউকসুর নবনির্বাচিত সদস্যদের শপথ বাক্য পাঠ করান প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ইউকসুর সভাপতি প্রফেসর নূরউদ্দিন আহমদ। সব শেষে সন্ধ্যায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আ